

ত-হা | Ta-Ha | ط

আয়াতঃ ২০ : ৮১

আরবি মূল আয়াত:

كُلُّوا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ وَلَا تَطْغُوا فِيهِ فَيَحِلَّ عَلَيْكُمْ غَضَبِيٌّ وَمَنْ
يَحِلَّ عَلَيْهِ غَضَبِيٌّ فَقَدْ هُوَيٌّ

﴿٨١﴾

A | ✎ অনুবাদসমূহ:

আমি তোমাদেরকে যে রিফক দান করেছি তা থেকে ভালগুলো খাও এবং এতে সীমালংঘন করো না। করলে তোমাদের উপর আমার গঘব পতিত হবে। আর যার উপর আমার গঘব পতিত হয় সে অবশ্যই ধ্বংস হয়। —
আল-বায়ান

তোমাদেরকে যে রিয়ক দিয়েছি তাথেকে উন্নমগুলো আহার কর, আর এতে বাড়াবাড়ি করো না, করলে তোমাদের উপর আমার ‘আয়াব সাব্যস্ত হয়ে যাবে। আর আমার ‘আয়াব যার উপর সাব্যস্ত হয় সে তো ধ্বংসই হয়ে যায়। —
তাইসিরুল

তোমাদেরকে আমি যা দান করেছিলাম তা হতে ভাল ভাল বস্তু আহার কর এবং এই বিষয়ে সীমা লংঘন করনা, করলে তোমাদের উপর আবার ক্রোধ অবধারিত এবং যার উপর আমার ক্রোধ অবধারিত সেতো ধ্বংস হয়ে যায়। —
মুজিবুর রহমান

[Saying], "Eat from the good things with which We have provided you and do not transgress [or oppress others] therein, lest My anger should descend upon you. And he upon whom My anger descends has certainly fallen." —
Sahih International

৮১. তোমাদেরকে আমরা যা রিয়ক দান করেছি তা থেকে পবিত্র বস্তুসমূহ খাও এবং এ বিষয়ে সীমালংঘন করো না, করলে তোমাদের উপর আমার ক্রোধ আপত্তি হবে। আর যার উপর আমার ক্রোধ আপত্তি হবে সে তো ধ্বংস হয়ে যায়।

তাফসীরে জাকারিয়া

(৮১) তোমাদের যে উপজীবিকা দান করলাম তা হতে পবিত্র বস্তু ভক্ষণ কর এবং এ বিষয়ে সীমালংঘন করো না। [১] করলে তোমাদের উপর আমার ক্রোধ পতিত হবে। আর যার উপরে আমার ক্রোধ পতিত হবে সে অবশ্যই ধ্বংস হবে। [২]

[1] এর অর্থঃ সীমালংঘন করা। অর্থাৎ হালাল ও পবিত্র জিনিসের সীমা ছেড়ে হারাম ও অপবিত্র জিনিসের দিকে অতিক্রম করো না। অথবা আল্লাহর অনুগ্রহসমূহকে অস্বীকার করে বা অনুগ্রহকারীর অবাধ্য হয়ে সীমালংঘন করো না। এই সমস্ত ভাবার্থের উপর **তাফসীর** শব্দ ব্যবহার করা যায়। আর কেউ কেউ বলেন যে, এখানে **তাফসীর** এর অর্থ হল, তোমরা প্রয়োজন মত পাখি ধর এবং প্রয়োজনের বেশী ধরে সীমা অতিক্রম করো না।

[2] এর অন্য এক অর্থ বর্ণনা করা হয়, আর তা হল, ‘সে হাবিয়া তথা জাহানামে পতিত হবে।’ হাবিয়া জাহানামের নিম্নস্তরকে বলা হয়। অর্থাৎ সে জাহানামের গভীর বিভাগের উপর্যুক্ত বাসিন্দা হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2429>

hadithbd.com

হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন